হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

এই যুগ

EI YUG

কালী পুজোর ছুটি



আজ কালী পুজো উপলক্ষে এই যুগ এর দপ্তর ছুটি থাকায় সোমবার ৯ নভেম্বর এই যুগ সংবাদপত্র প্রকাশিত হবেনা ,আবারো ১০ নভেম্বর মঙ্গলবার থেকে পুনরায় এই যুগ সংবাদপত্র প্রকাশিত হবে।

ডাউনলোড "এই যুগ অ্যাপ"

এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট eiyug.in থেকে ডাউনলোড করুন "এই যুগ অ্যাপ"

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 8 NOVEMBER 2026,SUNDAY | ৮ নভেম্বর ২০২৬,রবিবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-330

দীপাবলির প্রাক্কালে বাগডোগরা এয়ার ফোর্স স্টেশন পরিদর্শনে প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি, ৭ নভেম্বর : আলোর উৎসব দীপাবলির প্রাক্কালে শনিবার শিলিগুড়ি লাগোয়া বাগডোগরা এয়ার ফোর্স স্টেশন পরিদর্শনে আসেন দেশের প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং ।এদিন এয়ারফোর্স স্টেশনে আয়োজিত অনুষ্ঠানে সাহসী বিমান যোদ্ধাদের সাথে মত বিনিময় করেন। তিনি বলেন আমাদের দেশের আকাশসীমা রক্ষায় ভারতীয় বিমান বাহিনী অসামান্য দক্ষতায় ও অবিচল প্রস্তুতি নিয়ে অতন্দ্র প্রহরায় এক অদম্য স্তম্ভ রূপে দাঁড়িয়ে আছে। বর্তমানে ড্রোন ঝাঁক, সাইবার আক্রমন যুদ্ধকে অসম এবং জটিল করে তুলেছে ,এই পরিস্থিতিতে দেশকে রক্ষা করার ক্ষেত্রে বিমান যোদ্ধাদের ডোমেইন সচেতনতা ও সাইবার স্থিতিস্থাপকতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। ফ্রন্টলাইনে কর্মরত মহিলা ও পুরুষ কর্মীদের সাথে দেখা করা ,তাদের সীমাহীন শক্তি ,কর্তব্যের প্রতি অবিচল নিষ্ঠা ও উচ্চ মনোবল প্রত্যক্ষ করা সত্যিই অনুপ্রেরনাদায়ক বলে জানান প্রতিরক্ষা মন্ত্রী। তিনি আরও বলেন আমাদের দেশের প্রতিটি উৎসব আনন্দ ও শান্তির সাথে উদযাপিত হয় কারন সশস্ত্র বাহিন দিন রাত চব্বিশ ঘন্টা পাহারায় নিয়োজিত থাকে। তাদের এই বীরতে ও নিঃস্বার্থ সেবার জন্য গর্ব বোধ করে বলেও মন্তব্য করেন প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং।

কালী প্রতিমা বিসর্জনের গাড়ি চলাচলের বিকল্প রাস্তা পরিদর্শনে পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,শিলিগুড়ি, ৭ নভেম্বর : শিলিগুড়ির এয়ারভিউ মোড়ের কাছে মহানন্দা নদীর লালমোহন ঘাটে বিসর্জনের উদ্দ্যেশ্যে কালী প্রতিমা গাড়ি করে নিয়ে যাবার জন্য প্রশাসন একটি বিকল্প রাস্তা নির্ধারন করেছে। শনিবার ঐ বিকল্প রাস্তাটি পরিদর্শন করেন শিলিগুড়ির বিধায়ক তথা রাজ্যের পর্যটন ও সংসদ বিষয়ক মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ। তিনি জানান বিসর্জন প্রক্রিয়া যাতে সুষ্ঠু, সুশৃঙ্খল ও নির্বিঘ্নে সম্পন্ন হয় এবং সাধারন মানুষের যাতায়াতে কোনো অসুবিধার সৃষ্টি না হয় সেই বিষয়গুলিকে গুরুত্ব দিয়ে রাস্তার পরিস্থিতি সহ সার্বিক ব্যবস্থা খতিয়ে দেখেছেন। পাশাপাশি বিসর্জনের সময় যান চলাচল নিয়ন্ত্রন ,নিরাপত্তা এবং প্রয়োজনীয় পরিকাঠামোগত ব্যবস্থা সুনিশ্চিত করার বিষয়েও সংশ্লিষ্ট দিকগুলি নিয়ে পর্যালোচনা করেন। শান্তিপূর্ণ ও সুশৃঙ্খলভাবে বিসর্জন প্রক্রিয়া সম্পন্ন করতে সকলের সহযোগিতা কাম্য বলেও জানান পর্যটন মন্ত্রী ডঃ শঙ্কর ঘোষ।

জেলার বিভিন্ন থানা এলাকার কালী পুজোর মণ্ডপ পরিদর্শন করলেন পুলিশ সুপার



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ, আলিপুরদুয়ার ,৭ নভেম্বর : আসন্ন কালীপুজো উপলক্ষ্যে জেলার বিভিন্ন থানা এলাকার কালীপুজোর মণ্ডপ পরিদর্শন করলেন জেলা পুলিশ সুপার অমিত কুমার সাউ। শনিবার তিনি জেলার আরও কয়েকজন উচ্চ পদস্থ পুলিশ আধিকারিকদের সাথে নিয়ে ফালাকাটা, মাদারীহাট ও কালচিনি থানার বিভিন্ন পুজো মন্ডপ পরিদর্শন করেন। পরিদর্শনের সময় প্যান্ডেলে প্রবেশ ও প্রস্থান পথ, নিরাপত্তা সহ ভীড় নিয়ন্ত্রন ব্যবস্থা, জরুরী পরিস্থিতি মোকাবিলা ব্যবস্থা খতিয়ে দেখেন ও উদ্যোক্তাদের প্রয়োজনীয় পরামর্শ দেন। জেলা পুলিশ সুপার জানান আসন্ন কালীপুজোকে নিরাপদ ও সুরক্ষিত করার লক্ষ্যেই তার এই পরিদর্শন কর্মসূচি।

পুলিশের তৎপরতায় উদ্ধার ছয় বছরের শিশু ফিরে পেলো মাকে



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,জলপাইগুড়ি ,৭ নভেম্বর : শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের অধীন নিউ জলপাইগুড়ি থানার পুলিশ শনিবার সকালে নিখোঁজ এক ছয় বছরের শিশুকে উদ্ধার করে ফিরিয়ে দিলো তার মায়ের কাছে। জানা গেছে শনিবার সকালে নিউ জলপাইগুড়ি থানায় ১১২ নম্বরে একটি ফোন আসে। ফোনে বলা হয় শিলিগুড়ির পি ডবলিউ মোড়ে ছয় বছরের এক শিশুকে পাওয়া গিয়েছে। শিশুটি একা একা ঘুরছিলো। খবর পেয়ে সাথে সাথে ১১২ নম্বরের অফিসার এস আই বিপ্লব সেন ও কয়েকজন মহিলা পুলিশ ঘটনাস্থলে পৌঁছান। সেখানে গিয়ে শিশুটিকে উদ্ধার করে দ্রুত তারা নিউ জলপাইগুড়ি থানায় নিয়ে আসেন। থানায় চাইল্ড ফ্রেন্ডস কর্নারে শিশুটিকে রাখা হয়। অনুসন্ধানের মাধ্যমে শিশুটির মায়ের সাথে যোগাযোগ করা সম্ভব হয়। যানা যায় তার নাম প্রীতি ছেত্রী, সিকিমের গ্যাংটকের বাসিন্দা। যথাযথ যাচাই ও শনাক্তকরনের পর শিশুটিকে তার মায়ের হাতে তুলে দেওয়া হয়। পুলিশ সূত্রে জানানো হয়েছে প্রতিটি শিশুর নিরাপত্তা ও কল্যান নিশ্চিত করতে এবং প্রয়োজনে দ্রুত সাড়া দিতে শিলিগুড়ি পুলিশ সর্বদা প্রতিশ্রুতিবদ্ধ।

শামুকতলা রোডে উদ্ধার প্রায় ৫ কেজি আফিম সহ নগদ টাকা ,গ্রেপ্তার ২



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ নভেম্বর : ফের বড় সাফল্য পেল শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালিয়ে প্রায় ৫ কেজি আফিম উদ্ধার করল পুলিশ। এই ঘটনায় দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। উদ্ধার হওয়া আফিমের বাজার মূল্য প্রায় ৭ লক্ষ টাকা বলে পুলিশ সূত্রে জানা গিয়েছে।পুলিশ সূত্রে জানা গিয়েছে, গৌহাটি থেকে পাঞ্জাবের উদ্দেশ্যে একটি ১২ চাকার ট্রাকে করে আফিম পাচার করা হচ্ছিল। গোপন সূত্রে সেই খবর পৌঁছায় শামুকতলা রোড ফাঁড়ির পুলিশের কাছে। এরপরই শামুকতলা রোড এলাকায় ওঁত পেতে থাকে পুলিশ। ট্রাকটি সেখানে আসতেই সেটিকে আটক করে তল্লাশি শুরু হয়।প্রথমে ট্রাকে তেমন কিছু পাওয়া না গেলেও পুলিশের সন্দেহ যায় ইঞ্জিনের দিকে। পরে দেখা যায়, ট্রাকের ইঞ্জিনের ভিতরে একটি গোপন ডেরা বা চেম্বার বানিয়ে তার ভিতরে লুকিয়ে রাখা হয়েছে আফিমগুলি। অত্যন্ত কৌশলে লুকানো ছিল মাদক। পুলিশের তৎপরতায় সেই গোপন ডেরা থেকে একে একে উদ্ধার হয় প্রায় ৫ কেজি আফিম।জেরায় ধৃতরা জানিয়েছে, গৌহাটি থেকে এক লক্ষ টাকা কেজি দরে তারা আফিম কিনেছিল। পাঞ্জাবে নিয়ে গিয়ে তা এক লক্ষ ৪০ হাজার টাকা কেজি দরে বিক্রি করার পরিকল্পনা ছিল। সেই পথেই শামুকতলা রোডে ধরা পড়ে যায় তারা।এই অভিযানে উপস্থিত ছিলেন সার্কেল ইন্সপেক্টর সূর্য শেখর ঘোষ এবং আলিপুরদুয়ার ২ নম্বর ব্লকের সমষ্টি উন্নয়ন আধিকারিক। তাঁদের উপস্থিতিতেই উদ্ধার প্রক্রিয়া সম্পন্ন হয়।শামুকতলা রোড ফাঁড়ির ওসি মিলন বর্মনের নেতৃত্বে এই সাফল্য বলে জানা গিয়েছে। এই চক্রের সঙ্গে আরও কেউ জড়িত রয়েছে কিনা, তা খতিয়ে দেখছে পুলিশ। গ্রেপ্তার হয়েছে ট্রাকের চালক এবং গাড়ির মালিক। তাঁদের কাছ থেকে উদ্ধার হয়েছে ২১ লক্ষ ৫০ হাজার টাকা।ধৃতদের রবিবার আলিপুরদুয়ার আদালতে তোলা হবে বলে জানিয়েছেন শামুকতলা রোড ফাঁড়ির ওসি মিলন বর্মন।

ঐতিহাসিক হ্যামিল্টনগঞ্জ কালীপুজো ও মেলার প্রস্তুতি খতিয়ে দেখলেন পুলিশ সুপার



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ নভেম্বর : আলিপুরদুয়ার জেলার ঐতিহাসিক হ্যামিল্টনগঞ্জ কালীমন্দির ও কালীপুজো মেলা প্রাঙ্গণ পরিদর্শন করলেন আলিপুরদুয়ার জেলা পুলিশ সুপার অমিত কুমার সাউ। এদিন জেলা পুলিশের বিশেষ দলকে সঙ্গে নিয়ে গোটা মেলা প্রাঙ্গণ ঘুরে দেখেন তিনি। পাশাপাশি মেলা কমিটির সদস্যদের সঙ্গে কথা বলে মেলার প্রস্তুতি ও নিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে খোঁজখবর নেন।উল্লেখ্য, আগামী ৯ অক্টোবর থেকে শুরু হতে চলেছে হ্যামিল্টনগঞ্জের ঐতিহ্যবাহী কালীপুজো ও মেলা। এবছর এই পুজো ১১০ বছরে পদার্পণ করছে। পুজোকে কেন্দ্র করে আয়োজিত ৯২তম প্রাচীন এই মেলায় ডুয়ার্সের বিভিন্ন প্রান্ত থেকে হাজার হাজার মানুষের সমাগম হওয়ার সম্ভাবনা রয়েছে।এদিনের পরিদর্শনে জেলা পুলিশের পাশাপাশি দমকল বিভাগ এবং পূর্ত দফতরের সিভিল বিভাগের প্রতিনিধিরাও উপস্থিত ছিলেন। মেলা প্রাঙ্গণে দোকানপাটের ব্যবস্থা, অগ্নিনির্বাপণ ব্যবস্থা, মহিলাদের নিরাপত্তা, সিসিটিভি ক্যামেরা স্থাপন এবং দর্শনার্থীদের সুবিধা-অসুবিধার বিষয়গুলি খতিয়ে দেখেন আধিকারিকরা।পুলিশ সুপার অমিত কুমার সাউ জানান, হ্যামিল্টনগঞ্জের কালীপুজো অত্যন্ত প্রাচীন ও ঐতিহ্যবাহী। তাই সমস্ত দিক বিবেচনা করে বিভিন্ন দফতরকে সঙ্গে নিয়ে যৌথভাবে পরিদর্শন করা হয়েছে। মেলা চলাকালীন জেলা পুলিশের পক্ষ থেকে পর্যাপ্ত নিরাপত্তার ব্যবস্থা রাখা হবে ,যাতে দর্শনার্থীরা নির্বিঘ্নে পুজো ও মেলা উপভোগ করতে পারেন।

আলিপুরদুয়ারে উদ্ধার হওয়া ৫০টি মোবাইল ফিরল প্রকৃত মালিকদের হাতে



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ নভেম্বর : দীপাবলীর আনন্দের আবহে হারানো মোবাইল ফিরে পেয়ে স্বস্তির হাসি ফুটল ৫০ জনের মুখে। পুলিশের প্রযুক্তিনির্ভর তৎপরতায় উদ্ধার হওয়া ৫০টি মোবাইল ফোন এদিন প্রকৃত মালিকদের হাতে তুলে দিল আলিপুরদুয়ার জেলা পুলিশ।জেলা পুলিশ সূত্রে জানা গিয়েছে, বিভিন্ন সময়ে ওই ৫০ জনের মোবাইল ফোন হারিয়ে যায় অথবা চুরি হয়ে যায়। এরপর মোবাইল উদ্ধারের জন্য পুলিশের কাছে অভিযোগ জানান সংশ্লিষ্ট ব্যক্তিরা। অভিযোগের ভিত্তিতে আধুনিক প্রযুক্তির সাহায্যে তদন্ত শুরু করে পুলিশ। দীর্ঘ প্রচেষ্টার পর একে একে মোট ৫০টি হারিয়ে যাওয়া মোবাইল ফোন উদ্ধার করতে সক্ষম হয় জেলা পুলিশ।দীপাবলীর আগে এদিন আনুষ্ঠানিকভাবে সেই মোবাইল ফোনগুলি প্রকৃত মালিকদের হাতে তুলে দেওয়া হয়। দীর্ঘদিন পর নিজেদের হারানো মোবাইল ফিরে পেয়ে স্বাভাবিকভাবেই খুশি প্রাপকরা। উৎসবের মরশুমে আলিপুরদুয়ার জেলা পুলিশের এই উদ্যোগে সাধারণ মানুষের মধ্যে পুলিশের প্রতি আস্থা আরও বাড়বে বলেই মনে করা হচ্ছে। হারানো ও চুরি যাওয়া মোবাইল উদ্ধারে প্রযুক্তির কার্যকর ব্যবহার যে অপরাধ দমনে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে, এই উদ্যোগ তারই আরেকটি উদাহরণ।

পাচারের কায়দা বদল ,ট্রাকের কেবিনে ঠাসাঠাসি করে পাচার হচ্ছিল ৭টি মহিষ ,পুলিশ দেখে পালাল চালক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ নভেম্বর : মহিষ পাচারের পদ্ধতি বদলে ফেলেছে পাচারকারীরা। বিশাল আকারের ট্রাক সম্পূর্ণ ফাঁকা, অথচ কেবিনে ঠাসাঠাসি করে হাত-পা বেঁধে পাচার করা হচ্ছিল সাতটি মহিষ। শামুকতলা রোড ফাঁড়ির পুলিশের তৎপরতায় সেই পাচার রুখে দেওয়া হল।পুলিশ সূত্রে জানা গিয়েছে, গাড়িটি ২৭ নম্বর জাতীয় সড়ক ধরে আসামের দিকে যাচ্ছিল। সন্দেহ হওয়ায় শামুকতলা রোডে গাড়িটিকে দাঁড় করায় শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ। পুলিশ দেখেই চালক গা ঢাকা দেয়। এরপর গাড়িতে তল্লাশি চালাতেই চক্ষু চড়কগাছ পুলিশের। সহকারী চালকের সিটে এবং তার পাশে হাত-পা বেঁধে ঠাসাঠাসি করে রাখা হয়েছিল সাতটি মহিষ।কয়েক ঘণ্টার চেষ্টায় মহিষগুলিকে গাড়ি থেকে নামানো হয়। মহিষগুলিকে নামাতে গিয়ে রীতিমতো হিমশিম খেতে হয় পুলিশ ও স্থানীয়দের।২৭ নম্বর জাতীয় সড়ক দিয়ে প্রতিনিয়ত মহিষ পাচার হয়। গাড়ি আটক হয়, চালক গ্রেপ্তার হয়, তবুও পাচারকারীদের দৌরাত্ম্য কমছে না। এখন অ্যাম্বুলেন্স, বোলেরো, স্করপিও, মারুতি সহ বিলাসবহুল গাড়িতেও হামেশাই পাচার হচ্ছে মহিষ।জানা গিয়েছে, বিহারে একটি মহিষের দাম ৭ থেকে ৯ হাজার টাকা। সেই মহিষই আসামে পৌঁছালে দাম হয়ে যায় ৬৫ থেকে ৭০ হাজার টাকা। এই বিপুল লাভের কারণেই পাচারে মরিয়া পাচারকারীরা। উদ্ধার হওয়া মহিষগুলিকে গোশালায় পাঠানো হবে বলে জানিয়েছে শামুকতলা রোড বাড়ির ওসি মিলন বর্মন ।

আলিপুরদুয়ারে খুন বিজেপির বুথ সভাপতি



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৭ নভেম্বর : পারিবারিক জমি বিবাদকে কেন্দ্র করে খুন বিজেপির বুথ সভাপতি, ধারালো অস্ত্রের কোপে মৃত্যু রঞ্জিত রায়ের, গ্রেফতার বেশ কয়েকজন আলিপুরদুয়ার ১ নম্বর ব্লকের পূর্ব শালবাড়ি এলাকায় পারিবারিক জমি বিবাদকে কেন্দ্র করে খুনের ঘটনা। মৃতের নাম রঞ্জিত রায়। তিনি বিজেপির বুথ সভাপতি বলে জানা গিয়েছে।স্থানীয় সূত্রে জানা গিয়েছে, এদিন দুপুরে পারিবারিক জমিতে ধান কাটার কাজ চলছিল। সেই সময় রঞ্জিত রায় ও তাঁর পরিবারের সদস্যদের পাশাপাশি জমিতে কাজ করা শ্রমিকদের উপর ধারালো অস্ত্র নিয়ে চড়াও হয় তাঁরই কয়েকজন আত্মীয়। অভিযোগ, রঞ্জিত রায়কে তাঁর ভাতিজা ও ভাগনা-সহ বেশ কয়েকজন আত্মীয় ধারালো অস্ত্র দিয়ে এলোপাতাড়ি কোপায়। গুরুতর আহত অবস্থায় তাঁকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে নিয়ে যাওয়ার চেষ্টা করা হয়। কিন্তু হাসপাতালে পৌঁছনোর আগেই পথের মধ্যে তাঁর মৃত্যু হয়। ঘটনাকে কেন্দ্র করে এলাকায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ। এই ঘটনায় ইতিমধ্যেই বেশ কয়েকজনকে গ্রেফতার করেছে সোনাপুর ফাঁড়ির পুলিশ। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

বুনো দাঁতালের হানায় ভাঙ্গলো ঘর ,আতঙ্ক এলাকায়



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ, আলিপুরদুয়ার,৭ নভেম্বর : আলিপুরদুয়ার জেলার বীরপাড়া থানার ডিমডিমা চা বাগানে শনিবার ভোরে এক বুনো দাঁতাল হাতি হামলা চালিয়ে এক চা শ্রমিকের ঘর ভেঙ্গে দেয়। জানা গেছে বুনো দাঁতালটি ভোর চারটে নাগাদ ডিমডিমা চা বাগানের পিএস লাইনে চা শ্রমিক বুধুয়া খাড়িয়ার ঘড়ে হানা দেয়। ঘর ভেঙ্গে ঘরে মজুত রাখা চাল, ডাল গম ও আটা দিয়ে ভোরের জলখাবার খায় ও সেগুলির বেশীরভাগ নষ্ট করে। হাতির হানা টের পেয়ে পরিবারের লোকজন নিয়ে কোনোরকমে ঘর থেকে পালিয়ে প্রানে বাঁচেন বুধুয়া ও তার পরিবারের সদস্যরা। খবর দেওয়া হয় বন দপ্তরের দলগাঁও রেঞ্জে। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছান বন কর্মীরা কিন্তু তাদের পৌঁছানোর আগেই দাঁতাল সেখান থেকে বনের দিকে চলে যায়। বন কর্মীরা ঘটনাস্থলে পৌঁছালে স্থানীয়রা তাদের হাতির হানাদারি রুখতে আবেদন জানান। ক্ষতিগ্রস্ত চা শ্রমিক যাতে দ্রুত ক্ষতিপূরন পান তার দাবী জানান স্থানীয়রা। হাতির হানায় তারা রীতিমতো আতঙ্কিত হয়ে পড়েছেন। বন কর্মীরা জানান ক্ষতিগ্রস্তকে দ্রুত ক্ষতিপুরন দেওয়ার ব্যবস্থা করা হবে।



EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,PIN-711403 , STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE" ,BANKRA DAKSHIN PALLY ,P.O-BANKRA ,P.S-DOMJUR ,DISTRICT-HOWRAH ,STATE-WEST BENGAL , PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | PRGI : WBBEN/2020/81746 |